গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০২.০০০০.০০৪.০৫.০০৫.১৬—৪৮৮(২৫)  তারিখ: ০৮/১০/২০১৮

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার নৈতিকতা কমিটির গত ২৬/০৯/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী :

সভাপতি : জাহানারা পারভীন
তারিখ : ২৬/০৯/২০১৮
সময় : বেলা ১২.৩০ টা
স্থান : জাতীয় মহিলা সংস্থার সভাকক্ষ।

জাতীয় মহিলা সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে ২৬/০৯/২০১৮ তারিখ বেলা ১২.৩০ টায় কমিটির সভাপতি জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালকের সভাপতিত্বে একসভা সংস্থার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান মহোদয় উপদেষ্টা হিসেবে উপস্থিত ছিলেন।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করে শুনান। সর্ব সম্মতিক্রমে উক্ত কার্যবিবরনী অনুমোদিত হয়। সভায় জানানো হয় যে, সংস্থায় নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ছক অনুযায়ী মন্ত্রণালয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এছাড়া মন্ত্রণালয়ের চাহিদা মতে ইতোমধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য সংস্থার কার্যক্রমের জুলাই/১৮ থেকে সেপ্টেম্বর/ ১৮ এর বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

৩। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটি গঠন। | সভায় জানানো হয় যে, ইতোমধ্যে সংস্থার নৈতিকতা কমিটি ২৮/০৫/২০১৩ তারিখে গঠন করা হয়েছে। পরবর্তীতে ১২/০৪/২০১৬ তারিখে কমিটিটি পুর্ণগঠন করা হয়। | কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রাম অফিসার |
| ২। | নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন। | নৈতিকতা কমিটির সভা প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হবে বলে সভাকে অবহিত করা হয়। ২৬/০৯/ ২০১৮ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশলের চলাতি অর্থ বছরের ১ম ত্রৈমাসিক | তিন মাস অন্তর পরবর্তী সভা করতে হবে। | প্রোগ্রাম অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠিত হয়। | | |
| ৩। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগ | জাতীয় মহিলা সংস্থার পরিচালককে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। | ফোকাল পয়েন্ট ToR অনুযায়ী দায়িত্ব পালন করবেন। | পরিচালক |
| ৪। | অংশীজনের অংশগ্রহণে সভা। | অংশীজন অর্থাৎ জেলা/উপজেলা শাখার চেয়ারম্যানদের অংশ গ্রহণে সভা করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, চলতি অর্থ বছরে ২টি সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | অক্টোবর ২০১৮ মাসে ১টি সভা করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ৫। | উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ | সংস্থায় উত্তম চর্চার ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। যেমন লাইট,ফ্যান প্রয়োজন ছাড়া ব্যবহার না করা, অফিস কক্ষ পরিস্কার পরিচ্ছন্ন রাখা, সেবা প্রত্যাশীদের সাথে ভাল আচরণ করা , নিজ দপ্তরের অধঃস্তন কর্মকর্তা/কর্মচারীদের সাথে সুসম্পর্ক বজায় রাখা। | উত্তম চর্চার ব্যবহার অব্যাহত রাখতে হবে। | |
| ৬। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সভায় জানানো হয় চলতি অর্থ বছরে ২টি প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। | অতি দ্রুত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | |
| ৭। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারী কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক | চলতি অর্থ বছরে ১০০ জনকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা রয়েছে বলে সভায় জানানো হয়। | প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | সভা/প্রশিক্ষণ আয়োজন। অনুরুপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে আলোচনা (প্রযোজ্য ক্ষেত্রে)। | | | |
| ৮। | সচেতনতা বৃদ্ধিমূলক সভা | সভায় জানানো হয় যে, ৬৪টি জেলা শাখার এবং ৫০টি উপজেলা শাখার চেয়ারম্যানদের নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ২টি মতবিনিময় সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে। | সংস্থার ৬৪টি জেলা শাখা ও ৫০টি উপজেলা শাখার চেয়ারম্যান এবং সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সভার আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ৯। | শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান। | সভায় জানানো হয় যে, চলতি অর্থ বছরে সংস্থার ১২০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। | প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। | |
| ১০। | শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/ প্রণোদনা প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে শুদ্ধাচার প্রণোদনা পুরস্কার প্রদানের নীতিমালা অনুযায়ী ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে বলে সভায় জানানো হয়। চলতি অর্থ বছরে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার প্রণোদনা পুরস্কার প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | গঠিত কমিটি চলতি অর্থ বছরে (২০১৮-২০১৯) সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের শুদ্ধাচার প্রণোদনা পুরস্কার প্রদানের বিষয়ে সুপারিশ প্রদান করবে। | পরিচালক/ উপ-পরিচালক/সহকারী পরিচালক (প্রশাসন) /প্রোগ্রাম অফিসার |
| ১১। | সংস্থা কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসংস্থান চুক্তিতে বর্ণিত তালিকা অনুযায়ী কমপক্ষে ২টি করে অনলাইন সেবা চালু করা। | সহকারী পরিচালক (প্রকাশনা) জানান হোস্টেলে ভর্তি ইচ্ছুক কর্মজীবী মহিলাদের জন্য সংস্থার ওয়েব সাইট www.jms.gov.bd এ ভর্তি ফরম দেয়া হয়েছে। আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আবেদন করতে পারবে। | সংস্থার ওয়েব সাইট www.jms.gov.bd এর মাধ্যমে অনলাইনে হোস্টেলে ভর্তি ইচ্ছুকদের আবেদন করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ১২। | ই-টেন্ডার চালুকরণ | সভায় জানানো হয় যে, ইতোমধ্যে সংস্থায় ই-টেন্ডার কার্যক্রম চালু করা | সংস্থায় ই-টেন্ডার কার্যক্রম চালু রাখতে হবে। | সহকারী পরিচালক (হিসাব ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। গত অর্থ বছরে ই-টেন্ডারের মাধ্যমে কর্মসূচি ও সংস্থার মালামাল ক্রয় করা হয়েছে। | | |
| ১৩। | ই-ফাইলিং চালুকরণ | সংস্থার ই-ফাইলিং চালু করার নিমিত্ত কম্পিউটার,ল্যাপটপ ও স্ক্যানার ক্রয় করে কর্মকর্তাগণকে সরবরাহ করা হয়েছে। সভায় জানানো হয় যে, জেলা/উপজেলা শাখায় কম্পিউটার, প্রিন্টার ,স্ক্যানার সহ ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের একজন সহঃ প্রোগ্রামার ও ১ জন প্রশিক্ষককে ই-ফাইলিং চালুর কাজে সহায়তা করার জন্য সংস্থায় ন্যস্ত করা হয়েছে। গত ১০/০৯/২০১৭ তারিখে সংস্থার ই-ফাইলিং কার্যক্রম চালু হয়েছে। প্রতিটি শাখা বর্তমানে ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপন করছে। ই-ফাইলিং চালু করার জন্য জেলা/উপজেলা শাখার কর্মকর্তা/কর্মচারীদের কম্পিউটার চালানো সহ ই-ফাইলিং এর মাধ্যমে নথি-উপস্থাপনের জন্য প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সংস্থা পরিচালিত প্রকল্প সমূহের | সংস্থার সকল শাখায় নিকশ/ইউনিকোড ব্যবহার করাসহ ই-ফাইলিং চালু রাখতে হবে। প্রথমে ই-ফাইলিং এর মাধ্যমে নথি প্রেরণ নিশ্চিত করে পরে হার্ড কপি প্রেরণ করতে হবে। ই-ফাইলিং চালু করার জন্য জেলা/উপজেলা শাখার কর্মকর্তা/কর্মচারীদের কম্পিউটার চালানো সহ ই-ফাইলিং এর মাধ্যমে নথি-উপস্থাপনের জন্য প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপন করার বিষয়েও আলোচনা করা হয়। | | |
| ১৪। | ইনোভেশন টিম কর্তৃক উপস্থাপিত উদ্ভাবনী ধারণা (Innovative Idea) বাস্তবায়ন | চলতি অর্থ বছরে (১) সংস্থা ভবনের ছাদে গার্ডেনিং করা। (২) ডে-কেয়ার সেন্টারের পরিবেশ উন্মুক্ত করার বিষয়ে বারান্দা বৃদ্ধিকরণ (৩) সংস্থার টয়লেট/শৌচাগার পরিস্কার পরিচ্ছন্ন রাখা, (৪) শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল এবং ডে- কেয়ার সেন্টারের আবেদন পত্র গ্রহণ ও ফর্ম অন লাইনে জমা দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আলোচনা মতে সংস্থার এ সকল কার্যক্রম অতিদ্রুত বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ১৫। | দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম (যেমন: ইলেক্ট্রনিক উপস্থিতি, গণশুনানী ইত্যাদি) গ্রহণ | সভায় জানানো হয় যে, প্রতি মাসের ২য় সপ্তাহের বৃহস্পতিবার সংস্থায় গনশুনানী অনুষ্ঠানের জন্য তারিখ নির্ধারন করা হয়েছে। ইতোমধ্যে সংস্থার উদ্যোগে কর্মকর্তা/কর্মচারী এবং শহীদ আইভী রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের বোর্ডারদের উপস্থিতিতে গনশুনানী অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে আরো ২টি গনশুনানীর জন্য নোটিশ করা হয়। কিন্তু কোন অভিযোগ পাওয়া যায়নি। ভবনের সম্মুখে গনশুনানীর বিষয়ে সাইনবোর্ড/ ব্যানার দেয়া হয়েছে বলে সভায় জানানো হয়। গনশুনানী বিষয়টি সংস্থার ওয়েব সাইটে দিতে হবে বলে সভায় আলোচনা হয়। এছাড়া সংস্থার | সংস্থায় গনশুনানী অব্যাহত রাখতে হবে। গনশুনানীর বিষয়টি সংস্থার ওয়েব সাইটে এবং নোটিশ বোর্ডে দিতে হবে। সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের অফিসে ইলেক্ট্রনিক উপস্থিতির বিষয়ে কার্যক্রম অতিশীঘ্রই বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা)/সহঃপ্রোগ্রামার/ কম্পিউটার প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তা/কর্মচারীদের অফিসে ইলেক্ট্রনিক উপস্থিতির বিষয়ে কার্যক্রম গ্রহনের জন্য আলোচনা করা হয়। | | |
| ১৬। | সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ। | সভায় সংস্থার জেলা/উপজেলা শাখার কার্যক্রম, প্রকল্প ও কর্মসূচির প্রশিক্ষণ কার্যক্রম ই-মনিটরিং করার লক্ষ্যে সকলকে স্কাইপে আইডি/ইমো/ভাইবার ইত্যাদি ব্যবহার করার বিষয়ে আলোচনা করা হয়। বিভিন্ন প্রকল্প/কর্মসূচির কার্যক্রম স্কাইপে, ভিডিও কলিং, ইমো ইত্যাদির মাধ্যমে নির্বাহী পরিচালক ও অন্যান্য কর্মকর্তাগন ই-মনিটরিং করেন বলে সভায় জানানো হয়। | সংস্থার সকল জেলা/উপজেলা শাখার কার্যক্রম, প্রকল্প ও কর্মসূচির ই-সেবার ব্যবহার কার্যক্রম পরিবীক্ষণ অব্যাহত রাখতে হবে। | সকল শাখা প্রধান |
| ১৭। | শুদ্ধাচার কর্ম - পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | সভায় জানানো হয় যে, রাজস্ব বাজেটের বরাদ্দ থেকে শুদ্ধাচারের কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। শুদ্ধাচার কর্ম পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য চলতি অর্থ বছরে ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে। সংশোধিত বাজেটে এই অর্থ অন্তর্ভূক্ত করে বাজেট মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | রাজস্ব বাজেটের বিভিন্ন খাত থেকে শুদ্ধাচারের জন্য বরাদ্দ পৃথক করে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচারের বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংশোধিত বাজেটে অর্থ অন্তর্ভূক্ত করতে হবে। | সহঃপরিচালক (অর্থ ও হিসাব) |
| ১৮। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়ে দাখিল। | সভাকে অবহিত করা হয় যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | | প্রোগ্রাম অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯। | মন্ত্রণালয়ে পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল | সভায় অবহিত করা হয় যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী চলতি অর্থ বছরের জুলাই -সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পর পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে NIS focal point এর নিকট ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | পরিচালক/প্রোগ্রাম অফিসার |

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
(জাহানারা পারভীন)
নির্বাহী পরিচালক (অতিঃসচিব)
জাতীয় মহিলা সংস্থা

<u>অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ</u>

১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প।
২। প্রকল্প পরিচালক, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (তথ্য আপা) প্রকল্প।
৩। প্রকল্প পরিচালক, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প।
৪। প্রকল্প পরিচালক, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
৫। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
৬। উপ-পরিচালক, জামস।
৭। সহকারী পরিচালক, প্রশাসন/প্রকল্প/প্রকাশনা/অর্থ ও হিসাব, জাতীয় মহিলা সংস্থা।
৮। প্রোগ্রাম অফিসার/সহকারী পরিচালক (অর্থ)/পরিদর্শন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৯। পি এ টু, চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জামস।
১০। পি এ টু নির্বাহী পরিচালক (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জামস।

(কে, এম রফিকুল ইসলাম)
পরিচালক
জাতীয় মহিলা সংস্থা